

গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০২০

(২০২০ সনের ১৩ নং আইন)

গাজীপুর ও উহার সন্নিহিত এলাকা সমন্বয়ে আধুনিক, সুপরিকল্পিত শিল্প ও আকর্ষণীয় পর্যটন নগরী গড়িয়া তুলিবার লক্ষ্যে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠার উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু গাজীপুর ও উহার সন্নিহিত এলাকা সমন্বয়ে আধুনিক, সুপরিকল্পিত শিল্প ও আকর্ষণীয় পর্যটন নগরী গড়িয়া তুলিবার লক্ষ্যে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন

- ১। (১) এই আইন গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০২০ নামে অভিহিত হইবে।
- (২) ইহা গাজীপুর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকা এবং সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উক্ত সিটি কর্পোরেশন এলাকা সংলগ্ন যে সকল এলাকা নির্ধারণ করিবে সেই সকল এলাকায় প্রযোজ্য হইবে।
- (৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

সংজ্ঞা

- ২। বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে—

- (১) 'ইমারত' অর্থ Building Construction Act, 1952 (Act No. II of 1953) এর section 2(b) এ সংজ্ঞায়িত building;

গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ;

(৩) ' 'কোম্পানি' ' অর্থ কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর ধারা ২(ঘ) তে সংজ্ঞায়িত কোনো কোম্পানি;

(৪) ' 'ক্ষমতাপ্রাপ্ত কর্মচারী' ' অর্থ এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের কোনো কর্মচারী;

(৫) ' 'চেয়ারম্যান' ' অর্থ কর্তৃপক্ষের চেয়ারম্যান;

(৬) ' 'তহবিল' ' অর্থ ধারা ৩১ এ উল্লিখিত তহবিল;

(৭) ' 'নির্ধারিত' ' অর্থ বিধি বা, ক্ষেত্রমত, প্রবিধান দ্বারা নির্ধারিত;

(৮) ' 'প্রবিধান' ' অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(৯) ' 'বিধি' ' অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(১০) ' 'ব্যক্তি' ' অর্থে যে কোনো প্রতিষ্ঠান, কোম্পানি বা সংস্থা, উহা নিবন্ধিত হউক বা না হউক, অন্তর্ভুক্ত হইবে;

(১১) 'মহাপরিকল্পনা (Master Plan)' ' অর্থ ধারা ১১ এর

অধীন প্রণীত মহাপরিকল্পনা;

(১২) 'সচিব' ' অর্থ কর্তৃপক্ষের সচিব;

(১৩) 'সদস্য' ' অর্থ কর্তৃপক্ষের যে কোনো সদস্য;

(১৪) 'সার্বক্ষণিক সদস্য' ' অর্থ কর্তৃপক্ষের কোনো সার্বক্ষণিক সদস্য; এবং

(১৫) 'স্থানীয় কর্তৃপক্ষ' ' অর্থ ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, পৌরসভা এবং সিটি কর্পোরেশনসহ কোনো আইনের অধীন কোনো নির্দিষ্ট কার্যাদি সম্পাদনের জন্য প্রতিষ্ঠিত কোনো কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠান।

দ্বিতীয় অধ্যায়

কর্তৃপক্ষ প্রতিষ্ঠা, ইত্যাদি

কর্তৃপক্ষ প্রতিষ্ঠা

৩। (১) এই আইন কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ নামে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করিবে।

(২) কর্তৃপক্ষ একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং এই আইনের বিধানাবলি সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং কর্তৃপক্ষ ইহার নিজ নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে ইহার বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে।

কর্তৃপক্ষের কার্যালয়

৪। (১) কর্তৃপক্ষের প্রধান কার্যালয় গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় থাকিবে।

(২) কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, ইহার এখতিয়ারাধীন এলাকায় শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

**কর্তৃপক্ষ
গঠন,
ইত্যাদি**

৫। (১) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে কর্তৃপক্ষ গঠিত হইবে, যথা :—

(ক) চেয়ারম্যান;

(খ) চারজন সার্বক্ষণিক সদস্য;

(গ) জেলা প্রশাসক, গাজীপুর;

(ঘ) বিভাগীয় প্রধান, নগর অঞ্চল পরিকল্পনা বিভাগ, বুয়েট;

(ঙ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যান্য উপ-সচিব পদমর্যাদার একজন প্রতিনিধি;

(চ) ভূমি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যান্য উপ-সচিব পদমর্যাদার একজন প্রতিনিধি;

(ছ) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যান্য উপ-সচিব পদমর্যাদার একজন প্রতিনিধি;

(জ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যান্য উপ-সচিব পদমর্যাদার একজন প্রতিনিধি;

(ঝ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক মনোনীত গণপূর্ত অধিদপ্তরের অন্যান্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদমর্যাদার একজন প্রতিনিধি;

(ঞ) পুলিশ কমিশনার, গাজীপুর কর্তৃক মনোনীত অন্যান্য উপ-পুলিশ কমিশনার পদমর্যাদার একজন প্রতিনিধি;

(ট) প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন;

(ঠ) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, গাজীপুর;

(ড) কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় বসবাসরত সরকার কর্তৃক মনোনীত তিনজন বিশিষ্ট নাগরিক তন্মধ্যে একজন হইবেন মহিলা;

(ঢ) গাজীপুর শিল্প ও বণিক সমিতির সভাপতি বা তদকর্তৃক মনোনীত তিনজনের প্যানেল হইতে সরকার কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি; এবং

(ণ) সচিব, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপ-ধারা (১) এর দফা (ড) এবং (ঢ) এর অধীন মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসর মেয়াদে সদস্য পদে অধিষ্ঠিত থাকিবেন :